দৈনিক ইত্তেফাক ১০

তারিখ 0 4 SEP 1995
পৃষ্ঠা ১২ কলাম ৩

## ছাত্র কনভেনশন ॥ ৮টি উপ-কমিটি গঠন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (রবিবার) ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সম্পাদক মণ্ডলীর এক জরুরী সভায় আগামী ২৫শে সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য ছাত্র কনভেনশন সফল করার লক্ষ্যে ৮টি উপ-কমিটি গঠন করা হয়। ইহাছাড়া গৃহীত সিদ্ধান্তে ২৬শে সেপ্টেম্বর ছাত্রদল কেন্দ্রীয় সংসদের বর্ধিত সভা অনুষ্ঠান এবং ১০ই সেপ্টেম্বরের মধ্যে দলের প্রত্যেক জেলা শাখার সভাপতি, সাধার্ণ সম্পাদক অথবা আহ্বায়ককে স্ব-স্ব জেলার নির্বাচিত ছাত্র প্রতিনিধিদের নামের তালিকা দলের কেন্দ্রীয় দফতর সম্পাদকের নিকট জমা দেওয়ার আহ্বান জানান হয়। দলের সভাপতি ফজলুল হক মিলনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, সহসভাপতি মনিরুজ্জামান মনির, আবুল খায়ের ভুঁইয়া, শিরিন সুলতানা প্রমুখ।